

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 17 July, 2025

চার বছরের দাম্পত্যজীবনে প্রেম, বন্ধুত্ব আর শ্রদ্ধার এক নিখুঁত মেলবন্ধন গড়েছেন বলিউড তারকা ক্যাটরিনা কাইফ ও ভিকি কৌশল। সেই সম্পর্কেরই উজ্জ্বল এক বালক ধরা পড়েছে ক্যাটরিনার ৪২তম জন্মদিনে।

জন্মদিন উপলক্ষে স্ত্রী ক্যাটরিনাকে শুভেচ্ছা জানাতে নিজের ইনস্টাগ্রামে চারটি অন্তরঙ্গ মুহূর্তের ছবি শেয়ার করেছেন ভিকি কৌশল। এক ছবিতে ক্যাটরিনাকে দেখা যায় দরজার ফাঁক দিয়ে উঁকি দিতে, অন্যটিতে তিনি স্বামীর আলিঙ্গনে। আরও এক ছবিতে পাহাড়ি পরিবেশে প্রাণখোলা আড্ডায় ব্যস্ত এই দম্পতি। শেষ ছবিতে ক্যাটরিনা দাঁড়িয়ে আছেন সমুদ্রের ধারে, সাদা শার্টে ধরা দিয়েছেন ক্যামেরায়।

তবে ছবিগুলো অনুরাগীদের প্রত্যাশা পুরোপুরি পূরণ করতে পারেনি। অনেকেই মন্তব্য করেছেন, জন্মদিনের মতো বিশেষ দিনে আরও বেশি ব্যক্তিগত মুহূর্ত ভাগাভাগি করা যেত।

চলতি বছরে ‘ছাবা’ সিনেমায় অভিনয় করে আলোচনায় এসেছেন ভিকি কৌশল। এখন তিনি ব্যস্ত আছেন সঞ্জয় লীলা বনশালির ‘লাভ অ্যান্ড ওয়ার’ ছবির শুটিং নিয়ে। অন্যদিকে ক্যাটরিনাকে শেষ দেখা গেছে ২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত ‘টাইগার থ্রি’ সিনেমায়।

ক্যাটরিনা কাইফ | ভিকি কৌশল | বলিউড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 02:05

URL: <https://timestodaybd.com/public/entertainment/7758074911>